গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
**www.mor.gov.bd**

**বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | হাসান মাহমুদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার<br>রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১২ সেপ্টেম্বর ২০২৩ |
| সময় | : | বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯১০) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করেন। টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং এখাতে বরাদ্দকৃত বাজেট সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১.১ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | গত অর্থবছরে বাছাইকৃত উদ্ভাবনী ধারণাসমূহ পর্যালোচনা এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সকল কর্মকর্তা-কর্মচারির নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |
| ২ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.২.১ অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখা সংক্রান্ত আলোচনা। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তর ও উদ্ভাবকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৩ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৩.১ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করা সংক্রান্ত আলোচনা। | আগামী ২৩/০৫/২০২৪ তারিখের মধ্যে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |
| ৪ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৪.১ অনুযায়ী ই-নথির ব্যবহার বৃদ্ধি করা সংক্রান্ত আলোচনা। | অসাধারণ লক্ষ্যমাত্রা (৮৫%) অর্জনের নিমিত্ত সকল শাখাকে ই-নথির ব্যবহার বৃদ্ধি করার জন্য অবহিতকরণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। | ইনোভেশন টিম ও আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৫.১ অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০৪ (চার) টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করা সংক্রান্ত আলোচনা। সদস্য সচিব সভায় জানান যে, ইতোমধ্যে প্রশাসন-২ শাখাকে পত্র মারফত কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের বিষয়ে অনুরোধ করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ০৪ (চার) টি কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করার জন্য প্রশাসন অনুবিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম ও প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়। |
| ৬ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৫.২ অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত আলোচনা। | আগামী ২৫/০৩/২০২৪ তারিখের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |
| ৭ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.১.১ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং ক্রমিক নং ২.১.২ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালানাগাদকরণ সংক্রান্ত আলোচনা। | রেলপথ মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে এবং বাংলাদেশ রেল ওয়ে ও সরকারি রেল পরিদর্শন অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ রাখার বিষয়ে ডিজিবিআর ও জিআইবিআর-কে পত্র প্রদান করতে হবে। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |
| ৮ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.২.১ অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজন করা সংক্রান্ত আলোচনা। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজন করার নিমিত্ত প্রশাসন অনুবিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম ও প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়। |
| ৯ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.২.২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ সংক্রান্ত আলোচনা। | আগামী ৩১/০১/২৪ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |
| ১০ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.২.৩ অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করা সংক্রান্ত আলোচনা। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনপূর্বক আগামী ২৮/০২/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে একটি লার্নিং সেশন আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |
| ১১ | কমিটির সদস্য সচিব জানান যে, ইনোভেশন খাতে ২০২৩-২৪ অর্থবছরে ১২ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তিনি উক্ত অর্থ ব্যয়ে কার্যক্রম গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। | মন্ত্রণালয়ের কার্যক্রম দৃশ্যমান করার নিমিত্ত সভাকক্ষসমূহের সামনে দুটি বড় স্ক্রিন এবং ন্যায্যমূল্যে প্রয়োজনীয় জিনিস ক্রয়ে বেন্ডিং মেশিন স্থাপন করা যেতে পারে। | ইনোভেশন টিম ও প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(হাসান মাহমুদ)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
রেলপথ মন্ত্রণালয়।